

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ  
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮

তারিখ: ০৫/০২/২০২৬ খ্রিঃ


**বিষয়ঃ শূন্য ডিলার ইউনিটে ডিলার নিয়োগকল্পে জরুরী ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান।**

সূত্রঃ ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৭; তারিখঃ ২৯-০১.২০২৬

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা, ২০২৫ অনুযায়ী দেশের বিভিন্ন জেলার ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনের (প্রযোজ্য ক্ষেত্রে) শূন্য ডিলার ইউনিটের তালিকা সকল জেলা হতে পাওয়া গিয়েছে।

০২। এমতাবস্থায়, তীর জেলার শূন্য ডিলার ইউনিটসমূহে অবিলম্বে নীতিমালা অনুযায়ী সার ডিলার নিয়োগ প্রদানের লক্ষ্যে ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি জারী করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তির একটি নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী।

  
০৫.২.২০২৬  
(আহমেদ ফয়সল ইমাম)  
অতিরিক্ত সচিব  
কৃষি মন্ত্রণালয়  
ফোন: ৫৫১০০৩৫১

**প্রাপকঃ**

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ..... জেলা (সকল)
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ..... জেলা (সকল)

**অনুলিপিঃ**

- ১। উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ২। উপদেষ্টার একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।  
(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ৩। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।  
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অফিস কপি

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০২৫' এর আলোকে -----  
জেলায় নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান  
করা যাচ্ছে :

ক্র. নং	উপজেলা	ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন	শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা ----- ওয়ার্ড

### শর্তাবলী:

- (ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।
- (খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

### (গ) যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবেঃ তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে ;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

### (ঘ) অযোগ্যতা:

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং

(ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

(i) -----খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

(ii) -----দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(-----)

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

এবং

জেলা প্রশাসক, ----- জেলা

